দৈনিক ইত্তেফাক

বিজ্ঞাপন ৭৭

তারিখ ... 14 SEP 2007

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ এমবিবিএস / ২০০৭-২০০৮/ ১১৫৯ তারিখ: ১৩/০৯/২০০৭ইং

## এমবিবিএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

**২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে বাংলাদেশের ১৪টি সরকারী মেডিকেল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে এবং নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা যাইতেছে।**

১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

২। (ক) যাহারা ইং ২০০৪ সনের পূর্বে এসএসসি/ দাখিল/ ও-লেভেল/ ১০ম গ্রেড/ সমমান পরীক্ষায় পাস করিয়াছে তাহারা আবেদনের যোগ্য নহে।

(খ) যাহারা পদার্থ বিদ্যা, রসায়ন বিদ্যা ও জীববিদ্যা সহ এইচএসসি/ আলীম/ এ-লেভেল/ ১২তম গ্রেড/ সমমান পরীক্ষায় ইং ২০০৬ এবং ২০০৭ সনে পাস করিয়াছে তাহারাই কেবল মাত্র আবেদনের যোগ্য।

৩। শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:
এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ থাকিতে হইবে। কোন অবস্থাতেই এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৩.৫০এর নিচে গ্রহন যোগ্য হইবে না। পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ উপজাতীয় এবং তিনটি পার্বত্য জেলার অ-উপজাতীয় কোটাভূক্ত আসনের প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ থাকিতে হইবে। তবে কোন অবস্থাতেই এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ - ৩.০০ এর নিচে গ্রহন যোগ্য হইবে না এবং এইচএসসির বায়োলজীতে (Biology) সকলের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.০০ হইতে হইবে।

৪। (ক) মোট ২০০ নম্বরের ভর্তি পরীক্ষা হইবে।
এসএসসি এবং এইচএসসি-এর ফলাফলের জন্য = ১০০ নম্বর, এসএসসি=৪০ এবং এইচএসসি =৬০। এসএসসি-তে প্রাপ্ত জিপিএ-র ৮ (আট) গুন, এবং এইচএসসি-তে প্রাপ্ত জিপিএ-র ১২ (বার) গুন।

(খ) লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর। লিখিত পরীক্ষার বিভাজন: পদার্থবিদা (এইচএসসি) = ২০, রসায়নবিদ্যা (এইচএসসি) = ২৫, জীববিদ্যা (এইচএসসি) = ৩০, ইংরেজী = ১৫, সাধারন জ্ঞান = ১০।

**(গ) লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**

৫। মেধা কোটায় ৮০% ও জেলা কোটায় ২০% প্রার্থী নির্বাচন করা হইবে।

৬। ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল ও প্রার্থীর দেওয়া কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হইবার সুযোগ পাইবে তাহা নির্ধারন করা হইবে।

৭। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষাকরণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে হইবে। SIF ফরম এবং উত্তর পত্র OMR মেশিনে পরীক্ষা করা হইবে।

৮। ভর্তির আবেদনপত্র ২০/-(বিশ) টাকা এবং সেন্টার ফি ৫০০/- (পাঁচশত) টাকা মোট ৫২০/- (পাঁচশত বিশ) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ সাপেক্ষে নির্দিষ্ট মেডিকেল কলেজ হইতে ফরম সংগ্রহ করা যাইবে।
প্রার্থীকে নিজে আবেদনপত্র গ্রহন, জমা এবং প্রবেশ পত্র সংগ্রহ করিতে হইবে। একজন প্রার্থীকে প্রতিবারে একটির বেশী ফরম দেওয়া হইবে না এবং আবেদন পত্রের রোল নং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক Automatic Number Generation Programme এর মাধ্যমে নির্ধারিত হওয়ার পর কলেজ কর্তৃপক্ষ তাহা আবেদন পত্রে লিপিবদ্ধ করিয়া প্রবেশ পত্র প্রদান করিবেন।

৯। (ক) আবেদনপত্রের সহিত নিম্নলিখিত সনদ সমূহ সংযুক্ত করিতে হইবে:
১) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষাদ্বয়ের মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
২) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদ/ টেস্টিমোনিয়ালের সত্যায়িত ফটোকপি।
৩) জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার এর প্রত্যয়ণ পত্রের ফটোকপি।
৪) চার কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।
৫) পার্বত্য জেলার উপজাতীয় ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে পার্বত্য বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও ডেপুটি কমিশনার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
৬) মুক্তিযোদ্ধার সন্তানদের সংরক্ষিত আসনের জন্য প্রার্থীর পিতা/ মাতার মুক্তিযুদ্ধে অংশগ্রহনের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতি-মন্ত্রী স্বাক্ষরিত সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

(খ) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল হইয়া যাইবে এবং ভর্তি পরীক্ষায় অবতীর্ণ/ উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীতে কোন ভুল তথ্য পাওয়া গেলে তাহার পরীক্ষা/ ফলাফল বাতিল বলিয়া গন্য হইবে।

১০। ক) পুরাতন ৮ (আট) টি মেডিকেল কলেজের প্রতিটিতে ১৭৫ জন করিয়া ও অন্য ৬ (ছয়)টি মেডিকেল কলেজের প্রতিটিতে ১০০ জন করিয়া সর্বমোট ২,০০০ (দুই হাজার) জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। ইহা ছাড়াও ৬০ (ষাট)টি সংরক্ষিত আসনে :-

খ) পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ তিনটি পার্বত্য জেলার উপজাতীয় ও অ-উপজাতীয় কোটাভূক্ত আসনের জন্য ১২ (বার) টি এবং পার্বত্য জেলা ছাড়া অন্যান্য জেলার পশ্চাদপদ জনগোষ্ঠী (উপজাতীয়) প্রার্থীদের জন্য ৮ (আট) টি-সহ সর্বমোট ২০ (বিশ) টি আসন সংরক্ষিত থাকিবে। পার্বত্য জেলার ১২(বার) টি আসনের মধ্যে রাংগামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার প্রতিটি হইতে ০৩ (তিন)টি উপজাতীয় এবং ০১ (এক) টি অ-উপজাতীয় প্রার্থীর জন্য আসন সংরক্ষিত থাকিবে।

গ) মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ৪০ (চল্লিশ) টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকিবে। এ সমস্ত প্রার্থীদেরও অন্যান্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হইতে হইবে। এই সংরক্ষিত আসনগুলিতেও সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেওয়া হইবে। মুক্তিযুক্ত সংখ্যক মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হইবে এবং শূন্য আসনে মেধা ভিত্তিক ভর্তি করা হইবে।

১১। ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হয়। যে কোন মেডিকেল কলেজ হইতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহন একই কথা। ঢাকা, স্যার সলিমুল্লাহ ও বেগম খালেদা জিয়া মেডিকেল কলেজ কেন্দ্রে অতিরিক্ত চাপ পরিহার করার জন্য শুধুমাত্র ঢাকা বোর্ড হইতে পাশ করা ছাত্র/ ছাত্রীদেরকে ঐ কলেজ সমূহ হইতে আবেদন পত্র সংগ্রহ ও জমা দেওয়ার জন্য বলা হইল। ঢাকা বোর্ড হইতে পাশ করা ছাত্র/ছাত্রীরা ইচ্ছা করিলে ঢাকা, স্যার সলিমুল্লাহ ও বেগম খালেদা জিয়া মেডিকেল কলেজ ছাড়াও যে কোন মেডিকেল কলেজ হইতে আবেদন পত্র সংগ্রহ ও জমা দিতে পারিবে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে কোন মেডিকেল কলেজেই ৪০০০ (চার হাজার) এর বেশী ফরম সরবরাহ করা হইবে না।

১২। যাহারা বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসির সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে, তাহাদের নম্বর পত্র জিপিএ তে পরিবর্তন করিয়া ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা নির্ধারন করা হইবে।
(ক) 'ও'লেভেল বা এসএসসির সমমান পরীক্ষার এর জন্য ৫টি বিষয় (Best Five) অর্থাৎ সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ৫(পাঁচ) টি বিষয় বিবেচনা করা হইবে এবং ঐচ্ছিক বিষয়ে অর্থাৎ অতিরিক্ত বিষয়ে জিপিএ ২.০০ (দুই) পয়েন্ট এর অতিরিক্ত প্রাপ্ত নম্বর যোগকরা হইবে।
(খ) 'এ'লেভেল এর জন্য ৩টি বিষয় (Biology, Chemistry & Physics) বিবেচনা করা হইবে। নির্ধারিত =১,০০০/-(একহাজার) টাকা ফি প্রদান পূর্বক স্বাস্থ্য অধিদপ্তর হইতে Equivalence Certificate সংগ্রহ করিতে হইবে।

১৩। আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ এবং সকল বেসরকারী মেডিকেল কলেজের ক্ষেত্রে এই ভর্তি বিজ্ঞপ্তির অনুচ্ছেদ নং ১, ২, ৩ ও ১২ অবশ্যই প্রযোজ্য হইবে।

১৪। আগামী ইং ১৯/০৯/২০০৭ তারিখ হইতে সকল সরকারী মেডিকেল কলেজের অধ্যক্ষের দপ্তরে ভর্তির আবেদনপত্র পাওয়া যাইবে। ভর্তির আবেদন পত্র এবং SIF ফরম ধীরস্থীর ভাবে পূরন করিয়া একই মেডিকেল কলেজে ইং ০৯/১০/২০০৭ তারিখ অফিস সময় কালিন পর্যন্ত জমা নেওয়া হইবে।

১৫। এমবিবিএস ভর্তির লিখিত পরীক্ষা ০১ (এক) ঘন্টা। আগামী ইং ২৬/১০/২০০৭ তারিখ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হইবে।

১৬। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষের কার্যালয় ও নিম্নোক্ত ওয়েব সাইড হইতে জানা যাইবে। www.dghs.org.bd

১৭। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

অধ্যাপক ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
ফোন - ৮৮২৫৪০০, ফ্যাক্স - ৯৮৮৬৬১২

স-২৮৯১(১২X৩)